SHARED WORK কর্মসূচি

আপনার ছাঁটাইয়ের বিকল্প

SHARED WORK কীভাবে আমার ব্যবসায় সহায়তা করতে পারে?

Shared Work Program আপনাকে কর্মীদের কম সময়ের কাজের সময়সূচি ও 26 সপ্তাহ পর্যন্ত আংশিক বেকারত্ব বীমা (Unemployment Insurance) সংগ্রহ করতে দেওয়ার মাধ্যমে ব্যবসার মন্দার সময় কর্মী ছাঁটাই করার একটি বিকল্প দেয়। কর্মী ছাঁটাই না করে আপনি কর্মী বা কেবল নির্দিষ্ট একটি গ্রুপের কাজের সময়ের পরিমাণ কমিয়ে দিতে পারেন।

> উদাহরণস্বরূপ: *Plant XYZ, State Labor Department-এ একটি Shared Work Plan জমা দিয়েছে এবং দশ সপ্তাহের জন্য তার সেচ বিভাগের কাজের ঘন্টার পরিমাণ 20% হ্রাসের অনুমোদন পেয়েছে। এই কর্মীরা বেকারত্ব বীমার (Unemployment Insurance) আবেদন জানাতে পারেন। তাঁরা তাঁদের সাপ্তাহিক সুবিধার 20% সংগ্রহ করতে পারেন।*
>
> *যে কর্মী সপ্তাহে $400 উপার্জন করেন, তিনি সম্পূর্ণ বেকার হলে বেকারত্ব বীমায় (Unemployment Insurance) $200 পেতে পারেন। Shared Work Program-এর অধীনে, তিনি নিয়োগকর্তার কাছ থেকে বেতন হিসাবে সপ্তাহে $320 ($400-এর 20% হল $80 হ্রাস), সেই সঙ্গে Shared Work সুবিধায় $40 ($200-এর 20% বেকারত্ব বীমায় (Unemployment Insurance)) পাবেন। একটি অবৈতনিক অপেক্ষার সপ্তাহের পরে পরিকল্পনার প্রত্যেক সপ্তাহে বেতন ও Shared Work সুবিধায় মোট $360। যোগ্য কর্মীরাও July 26, 2020 তারিখে শেষ হওয়া সুবিধার মাধ্যমে সপ্তাহে অতিরিক্ত $600 পাবেন।*

Shared Work Program আপনাকে অস্থায়ী ব্যবসায়িক মন্দায় কাজে প্রশিক্ষিত, কর্মক্ষম কর্মী রাখতে সহায়তা করে। অর্থাৎ যখন ব্যবসার অবস্থা উন্নত হবে, তখন আপনি দ্রুত এগোতে পারবেন। সরকারি ও অলাভজনক, সকল কর্মী Shared Work পরিকল্পনা পেতে পারেন। ডিসেম্বর 2020-তে যুক্তরাষ্ট্রীয় সরকার পূর্ণ-সময় ও আংশিক-সময় নিযুক্তিতে থাকা যোগ্য কর্মীদের আপনার ব্যয়ের 100% অর্থ প্রদান করবেন। আপনি নতুন কর্মী নিয়োগ, হায়ারিং ও প্রশিক্ষণ দেওয়ার ব্যয় সঞ্চয় করুন। আপনার কর্মীদের সম্পূর্ণ বেকারত্বের কষ্ট দেওয়া থেকে বিরত থাকুন। Shared Work কর্মীদের বলে যে আপনি দলের সদস্য হিসাবে তাঁদের মূল্য বোঝেন। যখন আপনি ছাঁটাই করা থেকে বিরত থাকেন, তখন আপনি আপনার কর্মীদের জানান যে আপনি তাঁদের কাজের প্রশংসা করেন এবং কঠিন সময়েও তাঁদের কাজে রাখতে চান।

একটি SHARED WORK পরিকল্পনায় কী প্রয়োজন?

আপনার Shared Work পরিকল্পনা অবশ্যই:

- সেই কর্মীদের জন্য প্রযোজ্য হবে, যাঁরা সাধারণত সপ্তাহে 40 ঘন্টার বেশি কাজ করেন না
- কাজের সময়ের পরিমাণ হ্রাস এবং 20% থেকে 60%-এর মধ্যে সেই অনুযায়ী বেতন দেবে
- আপনার কর্মীসংখ্যার সমান শতকরা হারের ছাঁটাই প্রতিস্থাপন করবে
- অতিরিক্ত সুবিধা সকল কর্মীদের ক্ষেত্রে কমানো বা বাদ দেওয়া না হলে, তা হ্রাস করবে না বা বাদ দেবে না।
- 53 সপ্তাহের বেশি হবে না
- প্রভাবিত কর্মক্ষেত্রের সকল কর্মীদের কভার করবে এবং একই হারে তাঁদের কাজের সময়ের পরিমাণ কমাবে। আপনি বিভিন্ন বিভাগে বিভিন্ন হারে সময় কমাতে পারেন

পরিকল্পনা কার্যকরী থাকাকালীন আপনি সেই পরিকল্পনার অধীনে থাকা কাজের দলের জন্য অতিরিক্ত কর্মী নিয়োগ করতে পারবেন না। যদি একটি সমষ্টিগত কারবারি চুক্তি থাকে, তাহলে সমষ্টিগত কারবারি বিভাগকে অবশ্যই Shared Work Program-এ সেই অংশটিতে সম্মত হতে হবে।

কর্মীর সুবিধা ও যোগ্যতা

New York State-এ নিয়মিত বেকারত্ব বীমার (Unemployment Insurance) যোগ্যতা থাকলে কর্মীরা Shared Work-এ অংশগ্রহণ করতে পারেন। Shared Work-এর সাপ্তাহিক অর্থের পরিমাণ হল ব্যক্তিটির সাপ্তাহিক সুবিধার হার গুণ তাঁদের কাজের সময় ও বেতন Shared Work Plan-এর অধীনে যতটা কমেছে, তার শতকরা হার। Shared Work-এ অংশগ্রহণকারী কর্মীরা:

- সুবিধার বছরে Shared Work সুবিধার 26 সপ্তাহ পর্যন্ত সর্বাধিক সুবিধা পেতে পারেন
- কেবলমাত্র বেকারত্ব বীমার (Unemployment Insurance) অধীনে যা পাবেন (নিয়মিত সুবিধার হারের 26 গুণ), Shared Work সুবিধার সঙ্গে নিয়মিত বেকারত্ব বীমার (Unemployment Insurance) সুবিধাসহ একটি সুবিধার বছরে তার থেকে বেশি নাও পেতে পারেন

- অবশ্যই Shared Work-এর নিয়োগকর্তাদের জন্য সর্বদা উপলব্ধ থাকবেন, কিন্তু অন্য কাজ খুঁজতে হবে না
- সেই সপ্তাহে Shared Work-এর সুবিধা পাওয়ার যোগ্য হবেন না, যখন তাঁরা সম্পূরক বেকারত্ব ক্ষতিপূরণের (Supplemental Unemployment Compensation) সুবিধা (এসইউবি পে) গ্রহণ করবেন
- তাঁদের Shared Work-এর সুবিধা কম পাবেন, যদি তাঁরা অন্য নিয়োগকর্তার অধীনে কাজ করেন বা স্ব-নিযুক্ত থাকেন

আমি কীভাবে আবেদন জানাব?

আপনাকে New York State-এ কর্মরত অন্তত দু'জন সম্পূর্ণ সময়ের কর্মীকে নিযুক্ত করতে হবে এবং পরপর চারটি ত্রৈমাসিকে আপনার ও আপনার পূর্ববর্তী ব্যক্তির অবশ্যই:

- বেকারত্ব বীমায় (Unemployment Insurance) অর্থপ্রদানের অবদান থাকতে হবে
- অবদানের পরিবর্তে আপনার আগের কর্মীদের দেওয়া সুবিধা পরিশোধে নির্বাচিত হতে হবে

আবেদন জমা দেওয়ার জন্য, আমাদের ওয়েবসাইটে যান **www.labor.ny.gov**. “Businesses”-এ ক্লিক করুন, তারপর “Unemployment Insurance”-তে “UI Online Services” নির্বাচন করুন। আপনার NY.gov আইডি দিয়ে সাইন ইন করুন অথবা একটি NY.gov আইডি তৈরি করতে নির্দেশ অনুসরণ করুন। সাইন ইন করে “Perform Work for my Company” পেজে “View My UI Information” নির্বাচন করুন। নিচে বাঁদিকে “Shared Work” বাটনে ক্লিক করুন।

SHARED WORK সম্পর্কে প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী:

আমরা SHARED WORK পরিকল্পনা কখন শুরু হবে?

আপনার আবেদন পত্রে উল্লিখিত তারিখে অথবা আমাদের পরিকল্পনা অনুমোদনের পরে প্রথম সোমবারে, যে দিনটি পরে আসবে। প্রস্তাবিত সূচনার দিনের আগে এক মাসের কম সময় থাকতে আপনার আবেদন জমা দিন, কিন্তু তা পরিকল্পনার সূচনার কাঙ্ক্ষিত তারিখের অন্তত তিন সপ্তাহ আগে হতে হবে। একটি Shared Work পরিকল্পনা সময়ের আগে শুরু হতে পারে না।

একটি SHARED WORK পরিকল্পনা অনুমোদিত হয়ে গেলে আমি কি তা পরিবর্তন করতে পারি?

হ্যাঁ। আপনার কর্মীদের কাজের সময়ে যে হ্রাস হয়েছে, তার শতকরা হার পরিবর্তন করতে পারেন। আপনি আপনার কর্মীদের এক সপ্তাহ বা তার বেশি সময়ের জন্য সম্পূর্ণ সময়ের কাজে ফিরিয়ে নিয়ে যেতে পারেন এবং তারপর পরিকল্পনাটি আবার শুরু করতে পারেন। আপনি প্রভাবিত কাজের ক্ষেত্র থেকে কর্মীদের সরাতে পারেন বা তাঁদের বদলে অন্য কর্মীদের নিযুক্ত করতে পারেন। যদিও, আপনি আপনার পরিকল্পনায় অতিরিক্ত কাজের ক্ষেত্র যোগ করতে চাইলে, আপনাকে অনুমোদনের জন্য অবশ্যই পরিবর্তিত আবেদন জমা দিতে হবে।

আমি কি পরিকল্পনার মধ্যে থাকা কিছু কর্মীকে ছাঁটাই করতে পারি এবং তারপরেও বাকিদের পরিকল্পনায় রাখতে পারি?

হ্যাঁ। Shared Work তাও বাকিদের ছাঁটাই আটকাতে চায়, যা এই কর্মসূচির উদ্দেশ্য। বিকল্প হিসাবে, ছাঁটাই এড়িয়ে যেতে শতকরা হার বাড়িয়ে আপনি কর্মীদের কাজের সময় ও বেতন কমিয়ে দিতে পারেন।

SHARED WORK পরিকল্পনা কার্যকরী হলে, কোনও কর্মী অন্য নিয়োগকর্তার কাছে কাজে গেলে আমি কি তাঁর বদলে কাউকে নিয়োগ করতে পারি?

হ্যাঁ। আইন আপনাকে প্রভাবিত কর্মক্ষেত্রে অতিরিক্ত কর্মী নিয়োগ করা থেকেই শুধু বাধা দেয়। আপনি পরিকল্পনা কার্যকরী থাকাকালীন কাজ ছেড়ে দেওয়া কর্মীর বদলে অন্য কর্মীকে নিয়োগ করতে পারেন।

আমি যদি SHARED WORK বেছে নিই, তাহলে কি আমাকে সম্পূর্ণ ব্যবসা বা সংস্থার জন্য এটি ব্যবহার করতেই হবে?

না। আপনি এক বা একাধিক বিভাগ, শিফট বা ক্ষেত্রে Shared Work ব্যবহার করতে পারেন। পরিকল্পনাটি আপনাকে সংশ্লিষ্ট ক্ষেত্র নির্বাচনের সুবিধা দেয়। আপনাকে অংশগ্রহণকারী একটি ক্ষেত্র বা বিভাগের সকল কর্মীদের কাজের সময় ও বেতন সমানভাবে কমাতে হবে। আপনি যদি পরিকল্পনায় উল্লেখ করে থাকেন, তাহলে পৃথক শতকরা হারে পৃথক বিভাগ বা ক্ষেত্রের কর্মীদের কাজের সময় ও বেতন কমাতে পারেন।

SHARED WORK পরিকল্পনায় একজন কর্মীসহ কোনও ক্ষেত্র কি থাকতে পারে?

না। পরিকল্পনা অনুযায়ী একটি প্রভাবিত ক্ষেত্রে অন্তত দু'জন কর্মী থাকতে হবে।

যেসকল কর্মীরা সাধারণত অতিরিক্ত সময় কাজ করেন, তাঁদের অতিরিক্ত সময় কমিয়ে দিলে কি তাঁরা SHARED WORK-এর সুবিধা পাবেন?

না। Shared Work সুবিধা কেবলমাত্র কর্মীর "সাধারণ কাজ"-এর সময় হ্রাসের ফলে হওয়া বেতনের হ্রাসের জন্য প্রযোজ্য। "সাধারণ কাজ"-এর সময় সাধারণত সপ্তাহে 40 ঘণ্টার বেশি নয়।

আমার বেকারত্ব বীমার (UNEMPLOYMENT INSURANCE) হারে SHARED WORK সুবিধার প্রভাব কী?

Shared Work-এর অংশগ্রহণকারীদের প্রদত্ত সুবিধা ডিসেম্বর 31, 2020 পর্যন্ত সকল পূর্ণ-সময় ও আংশিক-সময়ের কর্মীদের জন্য 100% যুক্তরাষ্ট্রীয় তহবিল থেকে আসবে। জুলাই 26, 2020-তে শেষ হওয়া সুবিধার সপ্তাহে যোগ্য Shared Work অংশগ্রহণকারীদের প্রদত্ত সাপ্তাহিক সুবিধায় অতিরিক্ত $600-ও 100% যুক্তরাষ্ট্রীয় তহবিল। আপনার বেকারত্ব বীমার (Unemployment Insurance) হারের উপর প্রভাব সম্বন্ধে যদি কোনও প্রশ্ন থাকে, তাহলে আমাদের দায় ও নিরূপণ বিভাগে (Liability and Determination Section) কল করুন **518-457-2635**.

আমি কি SHARED WORK কর্মসূচির অন্তর্গত কর্মীদের নির্দিষ্ট করতে পারি?

হ্যাঁ। আপনার পরিকল্পনায় সকল অংশগ্রহণকারী কর্মীদের নাম ও সামাজিক সুরক্ষা নম্বর (Social Security number), তাঁদের স্বাভাবিক সাপ্তাহিক কাজের সময় এবং তাঁরা বিভিন্ন সময়ে কাজ করা, অস্থায়ী বা সবিরাম কর্মী কিনা, তা উল্লেখ করতে হবে।

SHARED WORK পরিকল্পনা কার্যকরী থাকাকালীন আমাকে কি প্রতিবেদন জমা দিতে হবে?

হ্যাঁ। আপনি এবং আপনার অংশগ্রহণকারী কর্মীদের অবশ্যই প্রত্যেক সপ্তাহকে প্রত্যয়িত করতে হবে। এর দ্বারা নিশ্চিত হবে যে প্রত্যেক কর্মী Shared Work সুবিধার যথাযথ অর্থ পাচ্ছেন।

যদি কর্মীদের কাজের সময় ও বেতন 20%-এর কম বা 60%-এর বেশি কমানো হয়, তাহলে কি তাঁরা SHARED WORK-এর সুবিধা গ্রহণ করতে পারেন?

না। যদিও, এই কর্মীদের কাজের সময় ও বেতন 60%-এর বেশি কমানো হলে তাঁরা নিয়মিত বেকারত্ব বীমার (Unemployment Insurance) কর্মসূচির অধীনে সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন।

যদি আমার SHARED WORK পরিকল্পনার সময় অতিক্রান্ত হয়ে যায়, কিন্তু তাও কর্মীরা কম সময়ের জন্যই কাজ করেন, তাহলে কি তাঁরা SHARED WORK-এর সুবিধা পেতে থাকবেন?

না। আপনার পরিকল্পনা যতক্ষণ কার্যকরী থাকবে, কেবলমাত্র ততক্ষণই Shared Work-এর সুবিধা প্রদান করা হবে। সুবিধার অর্থপ্রদানে বাধা আটকাতে, আপনার বর্তমান পরিকল্পনা অতিক্রান্ত হওয়ার তারিখের আগে Shared Work-এর জন্য আবার আবেদন করা উচিত।

SHARED WORK সম্বন্ধে বা আবেদনের প্রক্রিয়া সম্বন্ধে প্রশ্ন থাকলে আমি কাকে কল করতে পারি?

আমাদের দায় ও নিরূপণ বিভাগ (Liability and Determination Section) Shared Work সম্বন্ধীয় প্রশ্নের উত্তর দিতে পারে, আবেদন পূরণ করতে আপনার সহায়তা করতে পারে বা প্রয়োজনে আপনাকে কাগজের আবেদন পাঠাতে পারে। ফোন করুন **518-457-2635** বা চিঠি লিখুন:

New York State Department of Labor
Unemployment Insurance Division,
Liability and Determination Section
State Office Campus
Albany, NY 12240

Shared Work কর্মসূচি সহজ। আপনি অনেক ধরণের কাজের অবস্থা অনুযায়ী এটিকে বদলাতে পারেন। এটি অর্থ সঞ্চয় করে এবং চাকরি বাঁচায়। ছাঁটাই করার আগে Shared Work বিবেচনা করুন!

New York State Department of Labor একটি সমান সুযোগ প্রদানকারী নিয়োগকর্তা/কর্মসূচি। প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অনুরোধের ভিত্তিতে সহায়ক উপকরণ ও পরিষেবা উপলব্ধ রয়েছে।